

## ভর্তি

# নিট মেডিকেল ভর্তি পরীক্ষা: প্রথম হলেন ৬৭ জন, পরীক্ষাপদ্ধতি কেমন

নিজস্ব প্রতিবেদক



By using this site, you agree to our Privacy Policy. OK

সর্বভারতীয় মেডিকেল ভর্তি পরীক্ষার (নিট—ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট) ফলাফল প্রকাশিত হয়েছে। এ পরীক্ষায় প্রথম স্থান অধিকার করেছেন ৬৭ জন। এই ৬৭ জনের মধ্য ১৪ জন মেয়েশিক্ষার্থী।

দেশটির গণমাধ্যম ইন্ডিয়া টুড ও ইন্ডিয়ান এক্সপ্রেসের খবরে বলা হয়েছে, পরীক্ষায় ভারতীয় বিভিন্ন রাজ্য থেকে ৪ হাজার ৭৫০টি কেন্দ্রে ২৪ লাখ ৬ শিক্ষার্থী অংশ নেন। এর মধ্যে ১৩ লাখ ১৬ হাজার শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছেন। ৯৯ দশমিক ৯৯৭১২৯ শতাংশ পার্সেন্টাইল পেয়ে প্রথম স্থান অধিকার করেছেন ৬৭ জন। তাঁদের মধ্যে ১১ জন প্রার্থী রাজস্থানের। তামিলনাড়ু থেকে ৮ জন আর মধ্যপ্রদেশ ও মহারাষ্ট্র থেকে ৭ জন করে আছেন। পশ্চিমবঙ্গ রাজ্য থেকে আছেন ৩ জন।

নিট হলো ব্যাচেলর অব মেডিসিন এবং ব্যাচেলর অব সার্জারি (এমবিবিএস), ব্যাচেলর অব ডেন্টাল সার্জারি (বিডিএস), ব্যাচেলর অব আয়ুর্বেদ, মেডিসিন অ্যান্ড সার্জারি (বিএএমএস), ব্যাচেলর অব সিদ্ধ মেডিসিন অ্যান্ড সার্জারি (বিএসএমএস), ব্যাচেলর অব ইউনানি মেডিসিন অ্যান্ড সার্জারি (বিইউএমএস) ব্যাচেলর অব হোমিওপ্যাথিক মেডিসিন অ্যান্ড সার্জারি (বিএইচএমএস) এবং নার্সিং বিএসসি (এইচ) কোর্সে ভর্তির জন্য পরীক্ষা।

## নিট পরীক্ষা কী

ভারতে এমবিবিএস, বিডিএস কোর্সে পড়তে নিট পরীক্ষায় পাস করা বাধ্যতামূলক। নিট সর্বভারতীয় স্তরে আয়োজন করে ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এনটিএ)। প্রতিবছর প্রায় ৫০০ কলেজে ভর্তির জন্য সর্বভারতীয় স্তরে এই প্রবেশিকা পরীক্ষা নেওয়া হয়।

## নিটের যোগ্যতা কী

নিটে পরীক্ষা দিতে হলে প্রার্থীকে দশম ও দ্বাদশ শ্রেণিতে বিজ্ঞান নিয়ে পড়াশোনা করতে হবে। পদার্থবিজ্ঞান, রসায়ন ও জীববিজ্ঞান বিষয়গুলো থাকা বাধ্যতামূলক। একই সঙ্গে ওই বিষয়গুলোয় ন্যূনতম ৫০ থেকে ৮০ শতাংশ নম্বর না থাকলে

By using this site, you agree to our Privacy Policy.

## ন্যূনতম বয়স কত

নিট পরীক্ষা দিতে প্রার্থীর বয়স কমপক্ষে ১৭ বছর হতে হবে। এ পরীক্ষা দিতে বয়সের উর্ধ্বসীমা নেই।

## নিট পরীক্ষা কোন কোন ভাষায় যায়

নিট পরীক্ষা দিতে ইংরেজিতে দক্ষতা থাকা প্রয়োজন। তবে ইংরেজি ছাড়াও হিন্দিসহ আরও ১১টি ভাষায় দেওয়া যায় নিট পরীক্ষা। বাংলা, অসমিয়া, গুজরাটি, মালয়ালম, কন্নড়, মারাঠি, ওড়িশি, তামিল, তেলেগু, উর্দু ও পাঞ্জাবি ভাষাতেও নিটে অংশগ্রহণ করা যায়।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো